অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/12/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ব্যাটারি পার্ক সিটিতে মাদার ক্যাবরিনি স্মৃতিসৌধ উন্মোচন করেছেন

স্ট্যাচু অফ লিবার্টির দেখা যায় এমন জায়গায় অবস্থিত, স্মৃতিসৌধটি মাদার ক্যাবরিনির বীরত্বপূর্ণ উত্তরাধিকারকে সম্মান করে, যিনি অভিবাসী এবং অভাবীদের সেবা করার জন্য তার জীবন উৎসর্গ করেছেন

শিল্পী জিল এবং জিয়ানকার্লো বিয়াগির বিজয়ী নকশা গভর্নরের মাদার ক্যাবরিনি মেমোরিয়াল কমিশন দ্বারা সুপারিশকৃত

নতুন মেমোরিয়াল এডুকেশনাল ওয়েবসাইট এবং অডিও ট্যুর এখানে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ নিউ ইয়র্ক স্টেটের মাদার ক্যাবরিনি স্মৃতিসৌধ উন্মোচন করেছেন যা ব্যাটারি পার্ক সিটি এসপ্ল্যানেড বরাবর দক্ষিণ কোভের ঠিক দক্ষিণে অবস্থিত। স্ট্যাচু অফ লিবার্টি এবং এলিস দ্বীপ উভয়ের সরাসরি দৃষ্টি সীমায়, এই এলাকা অভিবাসীদের পৃষ্ঠপোষকদের প্রতি শ্রদ্ধা জানাতে একটি উপযুক্ত অবস্থান প্রদান করে। গত বছরের কলম্বাস দিবসে গভর্নর প্রথম তার সৃষ্টির পরিকল্পনা ঘোষণা করার এক বছর পর স্মৃতিসৌধটি উন্মোচন করা হয়। এই স্মৃতিসৌধে ইতালীয়-আমেরিকান অভিবাসী এবং নিউ ইয়র্কের দরিদ্রদের প্রতি মাদার ক্যাবরিনির সেবা তুলে ধরা ব্যাখ্যামূলক প্যানেল রয়েছে, যার মধ্যে রয়েছে ডজন খানেক এতিমখানা, হাসপাতাল এবং স্কুল নির্মাণ। মাদার ক্যাবরিনির জন্মস্থান ইতালির সান্তা'অ্যাঞ্জেলো লোদিগিয়ানো থেকে আনা পাথর দিয়ে তৈরি বসার ব্যবস্থা এবং মোজাইক দিয়ে এই প্লাজাটি ঘিরে রয়েছে।

"আমরা যে অসুবিধার সম্মুখীন হচ্ছি তার কারণে এই কলম্বাস দিবসের মাদার ক্যাবরিনি উদযাপন গত বছরের ঘোষণার চেয়েও বেশি উপযুক্ত। আমরা সবাই জানি যে এগুলো চ্যালেঞ্জিং সময়, কিন্তু আমরা এটাও জানি যে জীবনের সুবর্ণ সময়ে আমরা যা করি তা দিয়ে আমাদের বিচার হয় না - বরং ঝড়ের ক্রোধে আমরা যা করি তা দিয়ে হয় আর আমরা আজ সেখানেই আছি," **গভর্নর কুওমো বলেছেন।** "এই জটিল জগতে, এই মূর্তি আমাদেরকে সেই মূলনীতিগুলি স্মরণ করিয়ে দেক যা একটি দেশ এবং জনগণ হিসেবে আমাদের মহান করে তুলেছে এবং যেই নীতিগুলি এই পৃথিবীতে আমাদের বিশেষ স্থান দেয় - মাদার ক্যাবরিনির মূল্যবোধঃ সহমর্মিতা, গ্রহণ করা, সম্প্রদায়, স্বাধীনতা, বিশ্বাস, আশা এবং ভালোবাসা।"

মার্বেল পাথরের ঘাঁটিতে বসে থাকা ব্রোঞ্জ স্মৃতিসৌধে দুটি শিশুকে নিয়ে একটি কাগজের নৌকায় মা ক্যাবরিনিকে দেখানো হয়েছে, যা ছোটবেলায় মা ক্যাবরিনি ভাঁজ করে ভায়োলেট ফুল দিয়ে ভর্তি করতেন। তাদের বাড়ির বাইরের স্রোতে রেখে দিতেন, এই নৌকাগুলো তার "মিশনারিদের" সারা বিশ্বে পাঠাত। কাগজের নৌকা আশা এবং সাহসের প্রতীক হিসেবে কাজ করে: যদিও ভঙ্গুর এবং নাজুক, এটি পানির স্রোতের বিরুদ্ধে ধরে রাখতে পারে এবং ভাসমান থাকতে পারে- যা প্রতিকূলতা এবং সংগ্রামের মুখে মা ক্যাবরিনির দৃঢ় সংকল্পের প্রতীক।

এই তিনটি মূর্তি স্ট্যাচু অফ লিবার্টির মুখোমুখি তাকিয়ে আছে, যা অভিবাসীদের জন্য আশার আলো, যখন তারা নিউ ইয়র্ক হারবারে প্রবেশ করে আমেরিকায় তাদের নতুন জীবন শুরু করার জন্য, এবং যেখানে মাদার ক্যাবরিনি 1889 সালে ইতালীয় অভিবাসীদের সাহায্য করার জন্য একটি মিশনে এসেছিলেন। মাদার ক্যাবরিনির যৌবনের প্রতিফলন এই তরুণীর হাতে একটি বই রয়েছে, যা শিশুদের শিক্ষিত করার জন্য মাদার ক্যাবরিনির অঙ্গীকারের প্রতীক। যেহেতু সঙ্গীত অভিবাসীদের ঐতিহ্যের জন্য গুরুত্বপূর্ণ, তরুণ ছেলেটি মালপত্র এবং একটি ওক্যারিনা ধরে আছে, যা মাদার ক্যাবরিনির জন্মস্থানের কাছে আবিষ্কৃত একটি যন্ত্র, যা যেসব সঙ্গীত এবং সংস্কৃতি অভিবাসীরা আমেরিকায় নিয়ে এসেছে তার প্রতীক।

মাদার ক্যাবরিনি মেমোরিয়াল সম্পর্কে আরও পড়ুন এবং এখানে একটি অডিও ট্যুর শুনুন।

24 অক্টোবর, 2019 তারিখে গভর্নর কুওমো মাদার ক্যাবরিনির সম্মানে একটি মূর্তি স্থাপনা তদারকির জন্য মাদার ক্যাবরিনি মেমোরিয়াল কমিশন প্রতিষ্ঠা করেন। গভর্নরের সুপারিশে গঠিত 19 সদস্যের কমিশনের দায়িত্ব ছিল গভর্নরকে নতুন স্মৃতিসৌধের নকশা, অবস্থান এবং স্থাপনা সম্পর্কিত সুপারিশ প্রদান করা। মাদার ক্যাবরিনি কমিশনের সদস্য ফিলিপ ফগলিয়া, দীর্ঘদিনের প্রসিকিউটর এবং ইতালীয় আমেরিকান লিগ্যাল ডিফেন্স অ্যান্ড হায়ার এডুকেশন ফান্ডের উপদেষ্টা, দুঃখজনকভাবে এপ্রিল মাসে COVID-19 এর কারণে মারা যান।

কমিশন 13 ডিসেম্বর, 2019 তারিখে প্রস্তাবের জন্য প্রতিযোগিতা শুরু করে এবং শৈল্পিক সম্প্রদায়ের কাছে শক্তিশালী প্রচারের মাধ্যমে নকশা আহ্বান করে। কমিশন সারা বিশ্বের শিল্পীদের কাছ থেকে নকশা জমা পেয়েছে, যার প্রত্যেকটি তার জীবনের গল্প এবং নিউ ইয়র্ক এবং বিশ্বব্যাপী অভিবাসীদের প্রতি তার অনেক অবদানের কথা বলেছে। একটি পুঙ্খানুপুঙ্খ পর্যালোচনা প্রক্রিয়ার পর, কমিশন নিউ ইয়র্ক সিটি ভিত্তিক ভাস্কর জিল এবং জিয়ানকার্লো বিয়াগিকে মা ক্যাবরিনির জন্য একটি স্মৃতিস্তম্ভ নকশা এবং নির্মাণের সুপারিশ করে।

জিল বিয়াগি ওয়াশিংটন বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করেন এবং তিনি পাথর খোদাই শিল্পীদের সঙ্গে ইতালির পিয়েত্রাসান্তাতে কাজ এবং শিল্প অধ্যয়নের জন্য একটি ফেলোশিপ পান। জিয়ানকার্লো বিয়াগি নিউ ইয়র্কের আর্ট স্টুডেন্টস লিগে যোগ দিতে মার্কিন যুক্তরাষ্ট্রে যাওয়ার আগে পিয়েত্রাসান্তার ইস্তুতো ডি'আর্টে স্ট্যাগিতে পড়াশোনা করেন। জীবনকাহিনী ধারণ এবং শ্রদ্ধেয় ব্যক্তিদের উত্তরাধিকার সংরক্ষণের লক্ষ্যে একসাথে, জিল এবং জিয়ানকার্লো বেশ কয়েকটি পাবলিক কমিশনের জন্য ভাস্কর্য

তৈরি করেছেন। এই শিল্পীদের অতিরিক্ত কাজ বিশ্বের প্রধান জাদুঘরগুলিতে পাওয়া যায়। জিল এবং জিয়ানকার্লো নিউ ইয়র্ক এবং পিয়েত্রাসান্তাতে স্টুডিও রক্ষণাবেক্ষণ করেন।

সৃজনশীল দলে স্থপতি মার্টিন সেন্ডলেউস্কি এবং লাইটিং ডিজাইনার কেন ফারলি অন্তর্ভুক্ত ছিলেন।

মাদার ক্যাবরিনি একজন ইতালীয়-আমেরিকান ছিলেন যিনি গরীবদের সাহায্য করার জন্য বহু সংস্থা প্রতিষ্ঠা করেছিলেন। তিনি 1850 সালে লোম্বার্ডিতে জন্মান এবং 13 জন শিশুর কনিষ্ঠতম ছিলেন, মার্কিন যুক্তরাষ্ট্রে পাড়ি দেওয়ার পূর্বে, তিনি ব্রত গ্রহণ করেন এবং মিশনারি সিস্টারস অফ সেক্রেড হার্ট (Missionary Sisters of Sacred Heart) প্রতিষ্ঠা করেন, যেটি একটি অর্ডার যা অনাথদের সহায়তা এবং শিক্ষা প্রদান করত।

নিউ ইয়র্কে থাকাকালে তিনি সেন্ট জোয়াকিম'স প্যারিস (St. Joachim's Parish), দ্যা চার্চ অফ আওয়ার লেডি অফ পম্পেই (The Church of Our Lady Pompeii), এবং ট্রান্সফিগারেশন ক্যাথলিক চার্চে (Transfiguration Catholic Church) পড়ান, যার সবগুলোই ছিল ম্যানহাটনে - এর পাশাপাশি ব্রঙ্কস-এর সেইন্ট রিটা অফ ক্যাসিয়া (St. Rita of Cascia) এবং ব্রুকলিন-এর সেইন্ট স্টিফেন চার্চ (Church of St. Stephen)-এও পড়ান। তিনি কলম্বাস হাসপাতাল ও (Columbus Hospital) প্রতিষ্ঠা করেন যেটি শেষ পর্যন্ত ক্যাবরিনি মেডিকেল সেন্টার হিসেবে নামকরণকৃত হয়েছিল এবং বহু বছর ধরে ম্যানহাটনে অবস্থিত ছিল।

মাদার ক্যাবরিনিকে প্রথমে ওয়েস্ট পার্কে (West Park) সমাহিত করা হয় এবং বর্তমানে তিনি, তারই প্রতিষ্ঠিত, সেইন্ট ফ্রান্সিস কাবরিনি শ্রাইন (St. Frances Cabrini Shrine)-এ সমাহিত আছেন। 1946 সালে, তার মৃত্যুর প্রায় 30 বছর পর, মাদার ক্যাবরিনিকে মার্কিন যুক্তরাষ্ট্র কর্তৃক নাগরিকত্ব প্রদান করা প্রথম সন্ত বলে ঘোষনা দেয়া হয়। তিনি অভিবাসীদের পৃষ্ঠপোষক সন্ত হিসেবে স্বীকৃত। নিউ ইয়র্ক জুড়ে বেশ কিছু অ্যাকাডেমিক প্রতিষ্ঠান, ধর্মীয় ভবন ও হাসপাতাল তার নামে নামকরণকৃত।

###

আরও সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন